ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪১২
ছৈলেংটা, ২৭ অক্টোবর, ২০২৫

**৬ নভেম্বর ছৈলেংটা বাজার মাঠে ব্রু জনজাতিদের মধ্যে টুলকিট বিতরণ**

আগামী ৬ নভেম্বর ছৈলেংটা বাজার মাঠে স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের উদ্যোগে ব্রু জনজাতিদের মধ্যে টুলকিট বিতরণ করা হবে। এই অনুষ্ঠান সফল করে তোলার লক্ষ্যে আজ মহকুমা শাসক অফিসের কনফারেন্স হলে এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। আজকের বৈঠকে সভাপতিত্ব করেন ধলাই জেলার জেলাশাসক বিবেক এইচ বি। এছাড়া উপস্থিত ছিলেন এমডিসি বিমল কান্তি চাকমা, এমডিসি সঞ্জয় দাস, মহকুমা শাসক সুব্রত দাস এবং সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

আজকের সভায় আসন্ন অনুষ্ঠানের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জেলাশাসক অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরগুলির মধ্যে সমন্বয় রেখে কাজ করার উপর গুরুত্ব আরোপ করেন। এই উদ্যোগের আওতায় মোট ৫০০ জন ব্রু জনজাতি উপকৃত হবেন। সেদিনের অনুষ্ঠানে নির্বাচিত ২০ জনের হাতে আনুষ্ঠানিকভাবে টুলকিট তুলে দেওয়া হবে। এই ২০ জনকে ৭টি আরডি ব্লকের বিভিন্ন পুনর্বাসন কেন্দ্র থেকে নির্বাচন করা হবে।
******